

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪১২২(আগরতলা, ১২।২)

খোয়াই, ১২ ফেব্রুয়ারি, ২০১৯

খোয়াইয়ে লোকসংস্কৃতি উৎসব সম্পন্ন

পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্র, খোয়াই জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয় এবং সাংস্কৃতিক সেলের যৌথ উদ্যোগে সম্প্রতি খোয়াই পুরাতন টাউন হলে লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয়। ঐদিন অনুষ্ঠানের উদ্বোধন করেন খোয়াই পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন দেবাশিষ নাথশর্মা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমাজসেবী সুব্রত মজুমদার, সমীর দাস, অনিমেষ নাথ, সাগর দেব, পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের প্রোগ্রাম অফিসার কুনাল ঘোষ, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক অজয় দে প্রমুখ।

উৎসবে জম্মু ও কাশ্মীর, হিমাচল প্রদেশ, রাজস্থান, পশ্চিমবঙ্গ, উড়িষ্যা এবং হরিয়ানা থেকে আগত শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। এই উৎসবকে কেন্দ্র করে স্থানীয়দের মধ্যে ব্যাপক সাড়া পরিলক্ষিত হয়েছে।
